



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.০১৯.১৮.২৪

তারিখ: ৭ পৌষ ১৪২৬

২২ ডিসেম্বর ২০১৯

বিষয়: ডিএপি সার পুনঃনির্ধারিত মূল্য ব্যবহারের নিয়ম সম্পর্কে কৃষকদের অবহিত করা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সরকার ইতোমধ্যে ডিএপি সারের দাম ২৫/- টাকা থেকে কমিয়ে ১৬/- টাকা নির্ধারণ করেছে। সকল বিসিআইসি ও বিএডিসি ডিলারের দোকানে লাল-সালু কাপড়ে পুনঃনির্ধারিত মূল্য সুস্পষ্ট অক্ষরে সহজে দেখা যায় এমন স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল সার ক্রেতাকে ক্যাশমেমো প্রদানের ব্যবস্থা নিতে হবে। ডিএপি সার ও ভর্তুকি প্রদত্ত অন্যান্য সার নির্ধারিত মূল্যে বিক্রি নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের মনিটরিং বৃদ্ধি করতে হবে।

এছাড়া সকল কৃষকগ্রুপে/ কৃষককে ডিএপি সার ব্যবহারের নিয়ম ও পুনঃনির্ধারিত মূল্য সম্পর্কে বিশেষভাবে অবহিত করার প্রয়াসে কৃষক গ্রুপের সভায় আলোচনার বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

২৩-১২-২০১৯

চন্দ্রী দাস কুন্ডু

পরিচালক

ইমেইল: dfs@dae.gov.bd


স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.০১৯.১৮.২৪/১

তারিখ: ৭ পৌষ ১৪২৬

২২ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... (সকল)। আপনার আওতাধীন সংশ্লিষ্ট সকল উপপরিচালকগণকে পত্রের বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
- ২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... (সকল)। পত্রের বিষয়ে সংশ্লিষ্ট সকল উপজেলাকে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
- ৩) উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। উক্ত পত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৪) প্রকল্প পরিচালক/ কর্মসূচি পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... (সকল)। ডিএপি সার ব্যবহারের নিয়ম সম্পর্কে কৃষকদের অবহিত করতে অনুরোধ করা হলো।
- ৫) উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....(সকল)।
- ৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৭) পরিচালক মহোদয়ের একান্ত সহকারী, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৮) অফিস নথি।



২৩-১২-২০১৯

চন্ডী দাস কুন্ডু
পরিচালক